

সারাদেশ

রাঁজেরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা



প্রতিবেদক: মাদারীপুর প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৬ অক্টোবর ২০২৬, ১০:১৩ PM



মাদারীপুরের রাঁজেরে ইয়াবাসক্ত ছেলের অত্যাচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা। উপজেলার কামালদি ব্রিজের সুতারকান্দি এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, ওই যুবক দীর্ঘদিন ধরে ইয়াবায় আসক্ত। ইয়াবা সেবনের পর তিনি প্রায়ই বাবা-মায়ের সঙ্গে খারাপ আচরণ করতেন এবং বিভিন্ন সময় তাদের হত্যার হুমকি দিতেন। ছেলের এমন আচরণে নিরাপত্তাহীনতায় ভুগছিলেন বাবা-মা।

একপর্যায়ে অতিষ্ঠ হয়ে ছেলে যেন আরও বড় কোনো অপরাধে জড়িয়ে না পড়ে এবং পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিত হয়, সে জন্য বাবা নিজেই তাকে পুলিশের হাতে তুলে দেন।

স্থানীয়রা বলছেন, মাদকাসক্ত সন্তানের বিষয়ে পরিবারের সদস্যদের নীরব না থেকে সময়মতো আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তা নেওয়া উচিত। মাদকের ভয়াবহতা থেকে সন্তানদের রক্ষা করতে পরিবার ও সমাজের সবাইকে আরও সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন তারা।

এ বিভাগের আরও খবর



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেজি গাঁজাসহ রাকিব হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অগ্রাঙ্ক বয়সসহ সামাজিক পরিহিত্তি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম...



প্রধানমন্ত্রীর হাত থেকে জাতীয় ঐক্যী শিক্ষক পুরস্কার পেলেন ব্রাহ্মণবাড়িয়ার আহসান শাহরিয়ার।
জাতীয় পর্যায়ে ঐক্যী শিক্ষক হিসেবে সম্মাননা পেয়েছেন ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের প্রাণীবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক আহসান শাহরিয়ার তোহফা। প...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/rajoire-iyabaskt-chheleke-pulishe-dilen-baba>